

উপজেলা স্বাস্থ্য স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটি, দেবহাটা-এর জানুয়ারী/২০২২ মাসের সভার কার্যবিবরণী

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেবহাটা, সাতক্ষীরা।

Phone no : 0473272236. Email : debhata@uhfpo.dghs.gov.bd

সভাপতি :- জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
তারিখ :- ০৫/০১/২০২২ খ্রিঃ, রোজ বুধবার।
সময় :- সকাল ১০:৩০ ঘটিকা।

অংশ গ্রহনকারী :- সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পৃথক নথিতে লিপিবদ্ধ।

পবিত্র কুরআন থেকে তেলোয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়। সভাপতি জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা মহোদয়ের সভাপতিত্বে অক্টোবর/২০২১ মাসে অনুষ্ঠিতব্য স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটির মিটিং এর রেজুলেশন পাঠ এবং সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।

আলোচ্য বিষয়সমূহ :-

- ১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন।
- ২। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি কনফারেন্স রুম তৈরীর ব্যবস্থা গ্রহন।
- ৩। হাসপাতালের উন্নত চিকিৎসাসেবা প্রদানের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি।
- ৪। গাইনী রোগীদের বিশেষ চিকিৎসা সেবা প্রদানে ব্যবস্থা।
- ৫। বিবিধ।

সভায় উপরোল্লিখিত বিষয় গুলোর উপর বিস্তারিত আলোচনা ও নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য কনফারেন্স রুম নির্মাণ	<p>সভাপতি জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা মহোদয়- বিভিন্ন জাতীয় প্রোগ্রাম থাকায় ডিসেম্বর/২১ মাসে মিটিং অনুষ্ঠিত না হওয়ায় দুঃখ প্রকাশ করেন। মহামারী করোনা মোকাবেলা ও পরবর্তী মিটিং জানুয়ারী/২২ এ হাজির হতে পেরে মহান শ্রমীর কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন। এবং সকলকে ইংরেজী নববর্ষের শুভেচ্ছা জানান। এবং হাসপাতালে আগত রোগীদের চিকিৎসা সেবা প্রদান বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। হাসপাতালে মিটিং রুমের সংকীর্ণতা বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। জবাবে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ডাঃ মোঃ আব্দুল লতিফ- বলেন বর্তমান স্বাস্থ্য কমপ্লেক্সটি ৫০ শর্যায় উন্নীত হয়েছে। ভবন পূর্বেই তৈরী হয়েছে। কিন্তু কোন কনফারেন্স রুম নাই। হাসপাতাল স্বাস্থ্য ব্যবস্থাপনা মিটিং, সমন্বয় মিটিংসহ সকল মিটিং এর পার্টিসিপেন্টদের বসার ব্যবস্থা সংকুলান হয় না। অনেক সময় মিটিং এ জাতীয় সংসদ সদস্য ও অন্যান্য প্রতিনিধি উপস্থিত থাকেন। তাদের বসার ব্যবস্থা করা আমাদের অনেক কষ্টসাধ্য হয়। এটা একটা বড় সমস্যা। উপজেলা পরিষদ ও জাইকার ব্যবস্থাপনায় যদি একটি ভাল কনফারেন্স রুম তৈরী হয় তাহলে মিটিং-এ অংশ গ্রহনকারীদের জন্য অনেক উপকার হবে।</p> <p>সভাপতি মহোদয় ইংরেজী নববর্ষের প্রথম মিটিং-এ অংশগ্রহন ও উপজেলা পরিবার পরিকল্পনা মহোদয়ের মিটিং রুমের দাবী বিষয়ে আন্তরিক চেষ্টা করবেন বলে আশ্বাস প্রদান করেন এবং নিজ অবস্থান থেকে যতটুকু সম্ভব চেষ্টা চালিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এর পক্ষ থেকে সভাপতি মহোদয়কে স্বাগত জানানো হয়।</p>	নির্বাহী অফিসার, দেবহাটা উপজেলা ও সভাপতি, স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটি
হাসপাতালে চিকিৎসা সেবা সংক্রান্ত যন্ত্রপাতি	<p>সভাপতি জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা মহোদয়ের দৃষ্টি আকর্ষণ পূর্বক উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বলেন-অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে আলট্রাসোনোগ্রাম মেশিন ও এক্স-রে মেশিনটি বহুদিন নষ্ট হয়ে আছে। উপজেলা পরিষদ ও জাইকার অর্থায়নে যদি নতুন আলট্রাসোনোগ্রাম মেশিন ও এক্স-রে মেশিনটি স্থাপন করা যেত তাহলে রোগী সেবা অনেক অগ্রগামী হতো। বিশেষ করে মহিলা ও গাইনী রোগীদের সেবা প্রদান অনেক সুবিধা হতো। আলট্রাসোনোগ্রাম ও এক্স-রে মেশিন নষ্ট থাকায় রোগীদের বিশেষ করে গর্ভবতী মহিলাদের আলট্রাসোনোগ্রামের জন্য অনেক টাকা নষ্ট করে অন্যত্র যেতে হয়।</p> <p>সভাপতি মহোদয় উক্ত বিষয়টি উপজেলা সমন্বয় মিটিং এ উত্থাপন করবেন এবং যাতে বিশেষ করে গর্ভবতী মহিলাদের যাতে কষ্ট না পায় সে বিষয় নিরশনেজন্য আশ্রয় চেষ্টা চালিয়ে যাবেন বলে প্রতিশ্রুতি দেন।</p>	নির্বাহী অফিসার, দেবহাটা উপজেলা ও সভাপতি, স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটি

